গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
কচুয়া, চাঁদপুর
www.bbs.gov.bd

*"জনকল্যানে সঠিক সময়োচিত পরিসংখ্যান"*

স্মারক নং-৫২.০১.১৩৫৮.০০০.৪৫.০১১.১৯-০২

তারিখ: ২৪ পৌষ-১৪২৬ বাংলা
০৮ জানুয়ারী-২০২০ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পে লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কচুয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার<br>পদ সংখ্যাঃ প্যানেল | প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদী প্রাপ্য হবেন।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে। | ১) ন্যূনতম স্নাতক /সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ইংরেজিতে হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition(ICR) ফরমের সাথে সংগতিপূর্ন হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী<br>পদ সংখ্যাঃ প্যানেল | প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদী প্রাপ্য হবেন।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে। | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ইংরেজিতে হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition(ICR) ফরমের সাথে সংগতিপূর্ন হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলী:**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয় / ইউনিয়ন পরিষদ / পৌরসভা কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পুরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান অফিস,কচুয়া,চাঁদপুর এর ফেসবুক ফেইজ থেকে ও সংগ্রহ করা যাবে।

২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন , মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।

৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ৫০% মহিলা তথ্য সংগ্রহকারী নিয়োগ করা হবে।

৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬) কোন প্রার্থী সরকারি/বেসরকারি/প্রকল্পে কর্মরত আছে বলে প্রমানিত হলে আবেদনপত্র বাতিল হবে।

৭ ) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৮) সকল পদের আবেদন ফরম আবদ্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ১৯/০১/২০২০ খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

০৯) আবেদনপত্রের সাথে সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিক সনদ, এনআইডি/জন্ম নিবন্ধনের ফটোকপি এবং ০১ কপি পার্সপোর্ট সাইজের ছবি ও ০২ কপি ষ্ট্যাম্প সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

৯) আবেদনকারীগনের মৌখিক পরীক্ষা আগামী ২৭.০১.২০২০ ইং(ইউনিয়ন ০১-০৬ নং) ২৮.০১.২০২০ ইং(ইউনিয়ন ০৭-১২ নং ও পৌরসভা) তারিখে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১০) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা পরবর্তীতে উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

১২) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।

১৩) আবেদনকারীকে উপজেলার যে কোনো গ্রামে কাজ করার মনমানসিকতা থাকতে হবে।

**১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

০৮/০১/২০২০

(দীপায়ন দাস শুভ)
উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া,চাঁদপুর
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি

প্রয়োজনে যোগাযোগ :

০১৭১৭-২১৩৪৩৬, ০১৬৭২-৮৩৬২৭১, ০১৫৫০-০৪১৫৮৫